বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সমবায় শাখা ডেস্ক-১
www.brdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.৬২.০০০০.০০০.৫০৭.১৬.০৩৯৯.১৮.৩ তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ / ০৩ আগস্ট ২০২৬

বিষয়: **২০১৯ হতে ২০২৩ সাল পর্যন্ত (৫ বছর) 'জাতীয় পল্লী উন্নয়ন পদক' এর মনোনীত প্রার্থী তালিকা যাচাই-বাছাই প্রসঙ্গে।**
সূত্র: স্মারক: ৪৭.০০.০০০০.৫০৬.২৩.৩৪৬.২১. (অংশ-৫)-২৮৬৩, তরিখ:৩০/০৪/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারী ও দেশের সর্বিক পরিস্থিতি বিবেচনায় ২০১৯ হতে ২০২৩ সাল পর্যন্ত জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদান করা যায়নি। কাজেই দীর্ঘ সময় অতিক্রান্ত হওয়ায় ২০১৯ হতে ২০২৩ সালের (৫ বছর) মনোনীত প্রার্থীদের তালিকা পুনঃযাচাই করা প্রয়োজন, বিধায় বিভাগীয় কমিটি কর্তৃক প্রেরিত বর্ণিত ৫ বছরের মনোনীত প্রার্থী তালিকা পুনঃযাচাইয়ের জন্য মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ফেরত প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, ২০১৯ হতে ২০২১ সালের (৩ বছর) তালিকায় নতুন প্রার্থী অন্তর্ভুক্ত/মনোনয়নের সুযোগ নেই; তবে ২০২২ ও ২০২৩ সালের তালিকায় প্রয়োজনে কমিটি নতুন প্রার্থী অন্তর্ভুক্ত করতে পারবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক ২০১৯ হতে ২০২৩ সাল পর্যন্ত (৫ বছর) প্রার্থী তালিকা যাচাই-বাছাইপূর্বক সংশোধিত মনোনয়ন তালিকা বিভাগীয় কমিটির কার্যবিবরণীসহ আগামী ৩০ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে হার্ডকপি এবং ddcoop@brdb.gov.bd ওয়েবমেইলে সফটকপি (নিকস ফন্টে) প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩-০৮-২০২৬
ফারুক আহমেদ জোয়ার্দার
যুগ্মপরিচালক (সিসিএম)
ফোন : +৮৮০২৫৫০১১৭৩১

যুগ্মপরিচালক
বিআরডিবি, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/সিলেট/খুলনা/ময়মনসিংহ/রংপুর/বরিশাল বিভাগ।

**স্মারক নম্বর:** ৪৭.৬২.০০০০.০০০.৫০৭.১৬.০৩৯৯.১৮.৩/১ (১০) তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ / ০৩ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। বিভাগীয় কমিশনার (সকল)।
২। সকল জেলা প্রশাসক।
৩। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপপরিচালক, জেলাদপ্তর (সকল'), বিআরডিবি।
৬। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৭। উপজেলা নির্বাহী অফিসার, (সকল উপজেলা)।

৮। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, (সকল উপজেলা)।

Islam.

০৩-০৮-২০২৬

মোহাম্মদ জাহিদুল ইসলাম

উপপরিচালক (সমবায়)